গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০২.১৩-১৬৮

তারিখ : ০৯ অক্টোবর ২০১৪
২৪ আশ্বিন ১৪২১

# প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব মোঃ বুলবুল হোসেন (পরিচিতি নম্বর-০০৫১৮৪), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ: দা :), দিনাজপুর সড়ক সার্কেল, দিনাজপুর (প্রাক্তন তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চ: দা:, যশোর সড়ক সার্কেল) যশোর সড়ক সার্কেলে ২৮-০১-২০১০ তারিখ হতে ০৩-০৯-২০১৩ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। মাননীয় যোগাযোগ মন্ত্রী গত ০৭-০৭-২০১২ তারিখ কুষ্টিয়া সড়ক বিভাগ পরিদর্শনকালে বটতৈল-আলমডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের ১৭.৬৪০ কিলোমিটার সড়ক যান চলাচলের অনুপযোগী দেখতে পেয়ে বিষয়টি তদন্তের জন্য নির্দেশনা প্রদান করেন। মাননীয় যোগাযোগ মন্ত্রীর নির্দেশনা অনুযায়ী তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

এবং

যেহেতু, তদন্তে প্রতীয়মান হয়েছে যে, আপনি জরুরী পুনর্বাসন প্রকল্পের আওতায় বটতৈল-আলমডাঙ্গা আঞ্চলিক মহাসড়কের ১৭.৬৪০ কিলোমিটার সড়কের মধ্যে ১২.৪৭৪ কিলোমিটার সড়কের কাজ নির্ধারিত সময়ে শুরু ও সমাপ্ত করাতে ব্যর্থ হয়েছেন, যা সরকারি দায়িত্ব পালনে অবহেলার সামিল;

এবং

যেহেতু, আপনি উক্ত আঞ্চলিক মহাসড়কের ১৭.৬৪০ কিলোমিটারের মধ্যে ৫.১৬৬ কিলোমিটার শুধুমাত্র বেজ মজবুতিকরণসহ কার্পেটিং কাজ এবং কোন ওভারলে কাজ না করিয়ে সম্পূর্ণ কাজের প্রায় এক তৃতীয়াংশের বেশি বিল অর্থাৎ ২,২৯,৭৪,৩৬২.৯৭ টাকা পরিশোধ করে সরকারি নিয়মনীতি ভঙ্গ করেছেন;

এবং

যেহেতু, আপনি সড়কটিতে গত ০৬-১২-২০১২ তারিখে সম্পাদিত ২(দুই)টি চুক্তিমূল্যের আওতায় পুনরায় কাজ করান;

এবং

যেহেতু, জরুরী পুনর্বাসন প্রকল্পের আওতায় নির্ধারিত সময়ে কাজ শুরু ও সমাপ্ত করা হলে জনভোগান্তি সৃষ্টি হত না এবং নতুন করে কাজ করানোর প্রয়োজন হত না;

এবং

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ২(এফ) বিধি অনুযায়ী অসদাচরণ ও ৩(ডি) বিধি অনুযায়ী দুর্নীতিপরায়ণতা;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য আপনাকে একই বিধিমালার ৩(বি) ও ৩(ডি) বিধি অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতিপরায়ণ এর অভিযোগে অভিযুক্ত করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন আপনাকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, আপনার লিখিত জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের যুগ্মসচিব জনাব মোঃ আব্দুল হামিদ-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা আপনার বিরুদ্ধে আনীত ৩টি অভিযোগের মধ্যে ২টি অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

*চলমান পাতা-২*

এবং

যেহেতু, আপনার লিখিত জবাব, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন ও আনুষঙ্গিক দলিল দস্তাবেজ পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(এফ) এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ অভিযোগ প্রমাণিত হয়েছে;

এবং

সেহেতু, এক্ষণে, সার্বিক বিবেচনায় আপনি জনাব মোঃ বুলবুল হোসেন (পরিচিতি নম্বর-০০৫১৮৪), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ: দা:), দিনাজপুর সড়ক সার্কেল, দিনাজপুর (প্রাক্তন তত্ত্বাবধায়ক প্রকৌশলী, চ: দা:, যশোর সড়ক সার্কেল)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(বি) অনুযায়ী লঘুদন্ড হিসেবে ১(এক)টি বার্ষিক বেতন বৃদ্ধি পরবর্তী বার্ষিক বেতন বৃদ্ধির তারিখ হতে ০১(এক) বছরের জন্য স্থগিত করা হল। ভবিষ্যতে বেতন নির্ধারণে কোন আর্থিক সুবিধাও গ্রহণ করতে পারবেন না।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৯.১০.২০১৪

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০০২.১৩-১৬৮/১(১৪)

তারিখ : ০৯ অক্টোবর ২০১৪
২৪ আশ্বিন ১৪২১

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :**

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)।**
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)।**
১০. যুগ্মসচিব (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।**
১১. জনাব মোঃ বুলবুল হোসেন (পরিচিতি নম্বর-০০৫১৮৪), তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চ:দা:), দিনাজপুর সড়ক সার্কেল, দিনাজপুর।
১২. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বারকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।**
১৩. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।

০৯.১০.১৪

(রওশন আরা বেগম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৫৫১৯